

বাইরে থেকে ভিসি নিয়োগ হলে জবিতে ঢুকতে দেওয়া হবে না : শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: মঙ্গলবার, ২০ আগস্ট ২০২৪



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষকদের মধ্য থেকেই উপাচার্য নিয়োগের দাবি জানিয়ে বিক্ষোভ সমাবেশ করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। এছাড়াও বাইরে থেকে উপাচার্য নিয়োগ দেওয়া হলে তাকে বিশ্ববিদ্যালয়ের ফটক দিয়ে প্রবেশ করতে না দেওয়ার হুঁশিয়ারী দিয়েছেন তাঁরা।

আজ মঙ্গলবার বেলা ১১ টায় জবি থেকে ভিসি নিয়োগ দেওয়ার দাবিতে শিক্ষক-শিক্ষার্থী সমাবেশে এ হুঁশিয়ারী দেন শিক্ষক-শিক্ষার্থীরা।

এসময় পদার্থবিজ্ঞান বিভাগের ১৫ তম ব্যাচের শিক্ষার্থী মাসুদ রানা বলেন, ১৭৫৭ সাল থেকে ব্রিটিশরা যেভাবে ভারতবর্ষকে শোষণ করে গেছে, ১৯৪৭ সাল থেকে পশ্চিম পাকিস্তান যেমন পূর্ব পাকিস্তানকে শোষণ করে গেছে তেমনিভাবে ২০০৫ সাল থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে শোষণ করে গেছে। আমরা চাই আমাদের নিজেরদের শিক্ষকদের থেকে ভিসি নিয়োগ হোক।

এসময় শাহীন আলম নামের আরেক শিক্ষার্থী বলেন, এই বিশ্ববিদ্যালয়ে বাইরে থেকে ভিসি হয়ে যারা এসেছে তারা শুধু ভিসি ভবন আর অডিটোরিয়াম আসা যাওয়া করছেন, তারা আশেপাশে তাঁকায় নাই। ঢাকা বিশ্ববিদ্যালয় কখনও চায় না ঢাকার মধ্যে আরেকটি বিশ্ববিদ্যালয় মাথাচাড়া দিয়ে উঠুক, তাই তারা জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে কেরানীগঞ্জে পাঠাতে চায়, তাই তারা বলে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নতুন ক্যাম্পাস কিন্তু আমরা বলতে চাই কেরানীগঞ্জে জগন্নাথের দ্বিতীয় ক্যাম্পাস।

ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক মুহাম্মদ তাজাম্মুল হক বলেন, এটি আমাদের দাবি নয়, অধিকার। কুড়ি বছর ধরে এই বিশ্ববিদ্যালয়কে ইষ্ট ইন্ডিয়া কোম্পানি বানিয়ে রাখা হয়েছে। এখন থেকে যদি জবি থেকে ভিসি নিয়োগ দেয়া না হয় তাহলে এই ক্যাম্পাসের গেট বন্ধ থাকবে। ভিসিকে ঢুকতে দেওয়া হবে না।

ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ বিলাল হোসাইন বলেন, কাঠামোগত ও গবেষণার দিক দিয়ে বিশ্ববিদ্যালয়ের মানে উন্নীত হতে পারে নাই, অথচ জবির পরে প্রতিষ্ঠা হয়েও অন্যান্য বিশ্ববিদ্যালয় উন্নীত হয়েছে। এর একটাই কারণ জবিকে ইষ্ট ইন্ডিয়া কোম্পানি করে রাখা হয়েছে। এখানে যারা ভিসি হিসেবে নিয়োগ পায় তারা শুধু রুটিন দায়িত্ব পালন করে, সকালে এসে বিকালে যায়।

তিনি আরও বলেন, জবি থেকে নেতৃত্ব আসলে তিনি সামগ্রিক বিষয়টি বুঝবেন। কিন্তু বাইরে থেকে আসলে তিন মাস লাগে শুধু পরিবেশ বুঝতে বুঝতে। আর তার মধ্যেই তিনি একটা বলয়ের মধ্যে ঢুকে যায়। তাই আমরা জবি থেকেই ভিসি চাই, তাহলে তিনি সামগ্রিক বিষয় বুঝবেন, আমাদের শিক্ষক-শিক্ষার্থীদের পালস বুঝবেন।

সমাজকর্ম বিভাগের অধ্যাপক মোস্তফা হাসান, জবি থেকে ভিসি হলে তাকে দায়িত্ব পালন শেষে বিভাগের ক্লাস রুমে ফিরতেই হবে, যার কারণে তিনি এমন কিছু করবেন না যাতে তাকে বিব্রতকর অবস্থায় পড়তে হবে।